



# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

ফোন: ০২৫৮৮৮-৪৪৯৮১

তারিখ: ০৮.০৩.২০২৫

## প্রেস রিলিজ

**পাবিপ্রবি ও জাপানের ইয়ামানাশি বিশ্ববিদ্যালয়ের মধ্যে কোলাবোরেশন রিসার্চ বিষয়ে কর্মশালা অনুষ্ঠিত:**

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে আজ শনিবার (৮ মার্চ) শিক্ষকদের জন্য পাবিপ্রবি ও জাপানের ইয়ামানাশি বিশ্ববিদ্যালয়ের মধ্যে “ফ্রম আইডিয়াস টু ইম্প্যাক্ট: কোলাবোরেশন রিসার্চ ওপোরচুটিটিজ বিটুইন পাস্ট অ্যান্ড ইউনিভার্সিটি অব ইয়ামানাশি” বিষয়ে একটি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. এসএম আব্দুল-আওয়াল এবং বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম।

কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. শামীম আহসানের সভাপতিত্বে কর্মশালায় রিসোর্স পারসন ছিলেন জাপানের ইয়ামানাশি বিশ্ববিদ্যালয়ের ভাইস প্রেসিডেন্ট এবং ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক হানাওয়া মাসানোরি এবং সেন্টার ফর প্রমোশন অব ইন্টারন্যাশনাল ইজেশনের ডিরেক্টর ও ম্যাকট্রনিক্সের অধ্যাপক হিরোমিতশু নিশিজাকি।

উপাচার্য অধ্যাপক ড. এসএম আব্দুল-আওয়াল প্রথমেই জাপানী অতিথিদের ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি বলেন, জাপান আমাদের অকৃত্তিম বন্ধু এবং তাদের প্রতি আমরা খুবই কৃতজ্ঞ। বিভিন্ন সেক্টরে আমাদের সুযোগ আছে, তাদের সাথে একসাথে কাজ করার। প্রকৌশল ও প্রযুক্তির ক্ষেত্রে জাপানের সাথে আমাদের কোলাবোরেশন বাড়াতে হবে। জাপান প্রতিটি বিষয়ে কোয়ালিটি মেইনটেন করে, আমাদেরও ভালো কিছু করতে হলে গুণগতমান রক্ষা করতে হবে। জাপান বিভিন্ন নামে স্কলারশীপ দিয়ে থাকে আন্তর্জাতিক শিক্ষার্থীদের জন্য, সে সুযোগকে আমাদের কাজে লাগাতে হবে। শিক্ষার ক্ষেত্রে উন্নত বিশ্বের সাথে সম্পর্ক বৃদ্ধির ব্যাপারে কাজ করতে হবে। তিনি অতিথিদের আরও বলেন, এ অঞ্চলটি কৃষি প্রধান। এখানে প্রযুক্তির সাথে সাথে কৃষি নিয়ে কাজ করারও সুযোগ আছে। আমরা উন্নয়নশীল দেশ, বিভিন্ন সমস্যা আমাদের আছে। সমস্যা সমাধানের জন্য উন্নত বিশ্বের সাথে কোলাবোরেশন বাড়াতে হবে।

অধ্যাপক হানাওয়া মাসানোরি এবং অধ্যাপক হিরোমিতশু নিশিজাকি বলেন, এখানে এসে আমরা খুবই সম্মানিত বোধ করছি। আমরা অত্যন্ত আনন্দিত। ভবিষ্যতে আমরা পাবিপ্রবি ও আমাদের বিশ্ববিদ্যালয়ের সাথে কোলাবোরেশনের মাধ্যমে বিভিন্ন বিষয়ে নলেজ এক্সচেঞ্জ করতে পারব।

উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম বলেন জাপান অবকাঠামো, শিক্ষাসহ বিভিন্ন ক্ষেত্রে বাংলাদেশের সাথে কাজ করছে। তিনি অতিথিদের ধন্যবাদ জ্ঞাপন করেন এবং তাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

সভাপতির বক্তব্যে কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. শামীম আহসান বলেন, প্রযুক্তির ক্ষেত্রে জাপানের প্রভাব পৃথিবীব্যাপী। আমাদের দেশে গবেষণা ও শিক্ষায় অনেক কাজ করার সুযোগ আছে। এসব বিষয়ে একসাথে কাজ করতে পারলে আমরা খুবই উপকৃত হবো বলে প্রত্যাশা করি।



# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

ফোন: ০২৫৮৮৮-৪৪৯৮১

ভূগোল ও পরিবেশ বিভাগের শিক্ষক ড. রাহিদুল ইসলাম পাবিপ্রবি'র একটি সংক্ষিপ্ত ডকুমেন্টারি, বাংলাদেশ ও জাপানের শিক্ষা, অর্থনীতি, কৃষি, কালচার, পরিবেশ, জনসংখ্যা, বাংলাদেশে জাপানের নির্মিত অবকাঠামোসহ বিভিন্ন বিষয়ের ভিডিও চিত্র তুলে ধরেন। উপাচার্য, উপ-উপাচার্য ও কোষাধ্যক্ষ জাপানী অতিথিদের হাতে আমাদের সংস্কৃতির নিদর্শন হিসেবে ফতুয়া, গামছা ও নকশি কাঁথা উপহার হিসেবে তুলে দেন।

আরও উপস্থিত ছিলেন খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ইসিই বিভাগের অধ্যাপক ড. মনির হোসেন এবং ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি)-এর পরিচালক অধ্যাপক ড. মো. শামীম রেজা।

আইকিউএসি'র উদ্যোগে কর্মশালায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ অংশগ্রহণ করেন। সম্বলনা করেন সিএসই বিভাগের শিক্ষক নিতুন পোদ্দার।

সকাল ১০টায় শুরু হয়ে দিনব্যাপী চলে। কর্মশালাটি বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগার ভবনের ভার্চুয়াল শ্রেণিকক্ষে অনুষ্ঠিত হয়।

বার্তা প্রেরক

০৮.০৩.২০২৫

(মো. বাবুল হোসেন)

সহকারী পরিচালক

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।